কুষ্টিয়ায় বড় বোনকে ধর্ষণ চেষ্টা: ছোট বোনকে অপহরণ

কুষ্টিয়ার কুমারখালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ঘরবাড়ি ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। পরে বাড়ির মহিলাকে বেধড়ক পিটিয়ে তার বড় মেয়েকে ধর্ষণের চেষ্টা ও ছোট মেয়েকে অপহরণ করার অভিযোগ উঠেছে। তবে কুমারখালী থানার ওসি মজিবুর রহমানের তাৎক্ষণিক তৎপরতায় ঘটনায় জড়িত সন্দেহে তিনজনকে আটক করা হয়।

সোমবার (১১মে) রাত সাড়ে ৯ টার দিকে কুমারখালীর চাপড়া ইউনিয়নের পাহাড়পুরে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ৩০ মার্চ পাহাড়পুরে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে দু’গ্রুপের সংঘর্ষে মৃত চাঁদ আলীর ছেলে নেহেদ আলী (৬০) ও বকুল আলী (৫৫) নামে আপন দুই সহোদর খুন হন। সেই জোড়া খুনকে কেন্দ্র করে এলাকায় লুটপাট ভাংচুর ও উত্তেজনা চলে আসছিল।

এ ঘটনার জেরে সোমবার রাতে এক পক্ষের তথ্য অন্যপক্ষের নিকট আদান-প্রদান করা সন্দেহে ছাদ ব্যাপারী সমর্থিত ৩০/৪০ জন রবিউলের বাড়িতে আকস্মিক হামলা চালিয়ে তার স্ত্রী বিউটিকে মারপিট করে ফ্রিজ, টিভিসহ অন্যান্য মালামাল লুটপাট করে।

এ সময় তার বড় মেয়েকে বাঁশবাগানে নিয়ে ধর্ষণের চেষ্টা করে এবং ছোট মেয়েকে অপহরণ করে ছাদ ব্যাপারীর বাড়িতে লুকিয়ে রাখে।

এ ব্যাপারে কুমারখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মজিবুর রহমান বলেন, রবিউলের বাড়িতে ছাদ ব্যাপারীর সমর্থিত ৩০/৪০ জন হামলা চালিয়ে তার স্ত্রীকে পিটিয়ে আহত করে লুটপাট ও ভাংচুর করে। এ সময় রবিউলের বড় মেয়েকে ধর্ষণের চেষ্টা করে এবং ছোট মেয়েকে অপহরণ করলে আমরা তাৎক্ষণিক উদ্ধার করি।

তিনি আরও বলেন, ঘটনায় জড়িত সন্দেহে ৩ জনকে আটক করা হয়েছে। মামলার প্রস্তুতি চলছে।

গাংনীতে স্কুল ছাত্রী রিমা খাতুনকে অপহরণের অভিযোগ

মেহেরপুরের গাংনীতে স্কুল থেকে দশম শ্রেনীর ছাত্রী রিমা খাতুনকে অপহরণ করা হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার।

রবিবার সকাল ১০ টায় স্কুলে আসার পর তাকে তুলে অপহরণ করা হয়। রিমা খাতুন বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র ও নওদামটমুড়া গ্রামের বিল্লাল হোসেনের মেয়ে।

রিমার পিতা বিল্লার হোসেন জানান, প্রতিদিনের ন্যায় রিমা স্কুলে আসে। স্কুলে আসার পর বামুন্দী হঠাৎ পাড়ার জাহেদ আলীর ছেলে ও বামুন্দী বাজারের রাজু ট্রেডার্সের কর্মচারী নাজমুল তাকে অপহরণ করে নিয়ে যায়।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহকারী সাইফুল ইসলাম মারফত এ ঘটনা জানতে পারি। তিনি আরো বলেন, নাজমুল ১ সন্তানে জনক সে রিমাকে বেশকিছুদিন যাবৎ উত্যাক্ত করে আসছিলো। এ বিষয়টি স্কুলে ও রাজু ট্রের্ডাসের মালিককে জানানো হলেও তারা কোন ব্যবস্থা না নেওয়ার কারনে রিমাকে অপহরণ করা হয়েছে।

রাজু ট্রের্ডাসের মালিক জানান, নাজমুলকে রিমার বিষয়ে সতর্ক করার পাশাপাশি বকাঝকা করা হয়েছে। একারনে সে গত ৪ দিন যাবৎ দোকানে আসেনি।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহকারী সাইফুল ইসলাম জানান, স্কুল চলাকালীর সময়ে নাজমুলের সাথে মোবাইল ফোনে তার কথা হয়েছে কথাবার্তায় ধারনা করা হচ্ছে নাজমুল রিমাকে নিয়ে গেছে।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম জানান, রিমাকে স্কুল থেকে অপহরণ করা হয়নী। স্কুলে আসার পথে তাকে প্রেম ঘটিত বিষয়ে নিয়ে যাওয়া হতে পারে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে খবর পাওয়ার পর পুলিশ রিমাকে উদ্ধারের চেষ্টা করছে। অপহরণ নাকি প্রেম ঘটিত

বিষয় এটা এখনই নিশ্চিত করে বলা সম্ভব হচ্ছেনা। তবে রিমার পরিবার এখনও লিখিত অভিযোগ করেনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, এ ঘটনা জানার পরপরই র্যাব ও পুলিশকে ব্যবস্থা নিতে বলা হয়েছে। এছাড়া রিমাকে উদ্ধার ও তার পরিবারের সাথে যোগাযোগ করা হচ্ছে।